

# ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পরগণিকাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ ----

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পরগণিকাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), এফ এম বিভাগ-২

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.৪২৪.৩৭.০০০৬.২৫ নথির বিষয়: Repair and Maintenance of different brand VFD with supplying of necessary materials under FMD-2, DWASA (Lot-2) কাজের অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: Repair and Maintenance of different brand VFD with supplying of necessary materials under FMD-2, DWASA (Lot-2) কাজের অনুমোদন প্রসঙ্গে।

## অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৭/৫/২৫ ১০:২২ অপরাহ্ন

মডস সার্কেল-২ এর আওতাধীন ৬৮০টির অধিক গভীর নলকূপের বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষণাবেক্ষন কাজ এফ.এম বিভাগ-২ এর মাধ্যমে করা হয়ে থাকে। প্রতিটি পাম্প মোটর একটি করে (ভিএফডি/এলটি প্যানেল স্টার্টার (পিএফআই প্রান্ট সহ) দ্বারা চালু থাকে। যার মধ্যে বর্তমানে ৬৭২টি বিভিন্ন গভীর নলকূপের পাম্প-মোটর বিভিন্ন ব্র্যান্ডের ভিএফডি যেমন: মিৎসুবিশি, ডেনফোস, সিমেন্স, এবিবি, ইনভারটেক, স্ল্যাম বার্ড প্রভৃতি দ্বারা চালু আছে (বিবেচ্য সংযুক্তি: বিভিন্ন মডস জোনের আওতাধীন ভিএফডি আপডেট রিপোর্ট, সদয় দ্রষ্টব্য)। সংগ্রহ বিভাগ-২ হতে চলতি অর্থ বছরে ৫০ টি এবিবি ব্র্যান্ডের ভিএফডি অত্র বিভাগে দেয়া হয়েছে, তন্মধ্যে সবগুলি ভিএফডি সাইটে ব্যবহার হয়েছে এবং বর্তমানে কোন ভিএফডি মজুদ নেই। এছাড়া কেন্দ্রীয় ভান্ডারেও কোন ভিএফডি মজুদ নেই (বিবেচ্য সংযুক্তি: ভিএফডি স্টক এর বিবরণ, সদয় দ্রষ্টব্য)। বর্তমানে ৯৫টি বিভিন্ন ব্র্যান্ডের (মিৎসুবিশি/ডেনফোস/সিমেন্স/এবিবি/ইনভারটেক) ভিএফডি বিভিন্ন ধরনের ত্রুটির কারনে অচল অবস্থায় বিভাগীয় ভান্ডারে জমা রয়েছে। উক্ত ৯৫টি বিভিন্ন ব্র্যান্ডের ৯০ কিলোওয়াট ভিএফডি হতে বিভিন্ন ব্র্যান্ডের ০৪(চার)টি ভিএফডি (৩টি ডেনফোস ও ১টি ইনভারটেক ব্র্যান্ড) সার্ভে করে দেখা যায় বিভিন্ন স্পেয়ার পার্টস সংগ্রহ ও প্রতিস্থাপন করলে পুনরায় আবার সচল করে বিভিন্ন পাম্প স্টেশনে ব্যবহার উপযোগী করা যাবে (বিবেচ্য সংযুক্তি: মেরামতযোগ্য ভিএফডি এর সার্ভে রিপোর্ট, সদয় দ্রষ্টব্য)। বর্তমানে একটি নতুন ৯০ কিলোওয়াট ভিএফডি এর বাজার মূল্য আনুমানিক প্রায় ৭.০০ লক্ষ টাকা। সে কারনে প্রয়োজনীয় খুচরা মালামাল সরবরাহ করে মেরামত করলে সংস্থার আর্থিক ও সময় সাশ্রয় হবে। বর্তমানে কেন্দ্রীয় ভান্ডারে এবং অত্র বিভাগীয় ভান্ডারে নতুন ভিএফডি মজুদ না থাকায় আপদকালীন সময়ে নতুন/প্রতিস্থাপিত কুপে পাম্প-মোটর চালু করার লক্ষ্যে পুরাতন ভিএফডি মেরামত করা খুবই জরুরী হয়ে পড়েছে। উক্ত ০৪ সেট বিভিন্ন ব্র্যান্ডের ভিএফডি মেরামত করতঃ সচল করনের জন্য মডিউল, ডায়োট রেক্টিফায়ার, কন্ট্রোল সার্কিট, ডিসি পাওয়ার ক্যাপাসিটর, ডিসি রিএক্টর, মাদার বোর্ড, পাওয়ার কার্ড, কন্ট্রোল টার্মিনাল বোর্ড, সিটি সেট, এলসিডি প্যারামিটার ইউনিট, ওয়্যার হরনেস, কুলিং ফ্যান, ট্রান্সডিউসার কার্ড, থাইরিস্টর, প্রভৃতি স্পেয়ার পার্টস সরবরাহ, মেরামত-সার্ভিসিং করার লক্ষ্যে পূর্বানুমোদিত দরের (বিবেচ্য সংযুক্তি: পূর্বানুমোদিত দরের স্বপক্ষে প্রমানিক দলিল, সদয় দ্রষ্টব্য) এর ভিত্তিতে (বিবেচ্য সংযুক্তি: আলোচ্য কাজের কারিগরি প্রতিবেদন, সদয় দ্রষ্টব্য) মোতাবেক (বিবেচ্য সংযুক্তি: আলোচ্য কাজের প্রাক্কলন, সদয় দ্রষ্টব্য) তৈরী করা হয়েছে, যাতে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট = ১,৯৭,৪১৮.০৯৩ (এক লক্ষ সাতানব্বই হাজার চারশত আঠার দশমিক শুন্য নয় তিন) টাকা মাত্র। আলোচ্য কাজটি (বিবেচ্য সংযুক্তি: এফ এম বিভাগ-২ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনার কপি, সদয় দ্রষ্টব্য) এর ভিএফডি রক্ষণাবেক্ষণ খাতের ক্রমিক নং-১৪, প্যাকেজ নং-(PW-12) অন্তর্ভুক্ত করা আছে। আলোচ্য কাজের অনুমোদন তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

## সংযুক্তিসমূহ (৭):



- ১। এফ এম বিভাগ-২ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয়-পরিকল্পনার কপি.
- ২। বিভিন্ন মডস জোনের আওতাধীন ভিএফডি আপডেট রিপোর্ট.
- ৩। ভিএফডি স্টক এর বিবরণ.
- ৪। মেরামতযোগ্য ভিএফডি এর সার্ভে রিপোর্ট.
- ৫। পূর্বানুমোদিত দরের স্বপক্ষে প্রমানিক দলিল.
- ৬। আলোচ্য কাজের কারিগরি প্রতিবেদন.
- ৭। আলোচ্য কাজের প্রাক্কলন।

## অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৭/৫/২৫ ১১:১৪ অপরাহ্ন

আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর চতুর্থ অধ্যায় অংশ-১ এর ৬১ বিধি অনুযায়ী উন্মুক্ত দরপত্র (OTM-e-GP) পদ্ধতিতে দরপত্র আহ্বান করা যেতে পারে। আলোচ্য কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, F.M Division-2, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহ্বান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, F.M Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে। কাজটি টেন্ডার ডকুমেন্ট PW-2B এর ফরম্যাটের আলোকে করা হবে।

## অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৭/৫/২৫ ১১:১৬ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে, Repair and Maintenance of different brand VFD with supplying of necessary materials under FMD-2, DWASA (Lot-2) কাজে উপস্থাপিত মোট=১,৯৭,৪১৮.০৯৩ (এক লক্ষ সাতানব্বই হাজার চারশত আঠার দশমিক শুন্য নয় তিন) টাকা মাত্র, টাকার প্রাক্কলনটি আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদন সহ (OTM-e-GP) পদ্ধতিতে দরপত্র আহ্বানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

|                                                                                                                                                                                      |                                                                                                                                                                                 |                                                                                                                                                                            |                                                                                                                                                                                       |
|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| <br>২৭/৫/২৫ ১১:২০ অপরাহ্ন<br>মোহাম্মদ শাহাদাত হোসেন, হোসেন<br>উপ-সহকারী প্রকৌশলী<br>এফ এম বিভাগ-২ | <br>২৮/৫/২৫ ১২:১০ পূর্বাহ্ন<br>মোঃ মাহবুবুল হক প্রামানিক<br>সহকারী প্রকৌশলী<br>এফ এম বিভাগ-২ | <br>২৮/৫/২৫ ১২:৩০ অপরাহ্ন<br>শেখ আরিফ রহমান জিতু<br>নির্বাহী প্রকৌশলী<br>এফ এম বিভাগ-২ | <br>২৮/৫/২৫ ১২:৩০ অপরাহ্ন<br>মোঃ আরিফুর রহমান<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>আর.পি.ই.এস.এম.সার্কেল |
|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|----------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১/৬/২৫ ১:৪৫ অপরাহ্ন

অনুমোদিত।



১/৬/২৫ ১:৪৫ অপরাহ্ন  
মোঃ আঃ লতিফ  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী  
আর পি ই এন্ড এম সার্কেল

১/৬/২৫ ১:৪৫ অপরাহ্ন  
শেখ আরিফ রহমান জিতু  
নির্বাহী প্রকৌশলী  
এফ এম বিভাগ-২

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১/৬/২৫ ২:০১ অপরাহ্ন

দরপত্র আহ্বানের ব্যবস্থা নিন



১/৬/২৫ ২:০১ অপরাহ্ন  
শেখ আরিফ রহমান জিতু  
নির্বাহী প্রকৌশলী  
এফ এম বিভাগ-২



১/৬/২৫ ২:০৯ অপরাহ্ন  
মোঃ মাহবুবুল হক প্রামানিক  
সহকারী প্রকৌশলী  
এফ এম বিভাগ-২



১/৬/২৫ ২:৪১ অপরাহ্ন  
মোহাম্মদ শাহাদাত হোসেন, হোসেন  
উপ-সহকারী প্রকৌশলী  
এফ এম বিভাগ-২